দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 18 FEB 2003 ...
পৃষ্ঠা ... কলাম ...

## ছিটমহলে প্রাথমিক বিদ্যালয় নেই ॥ শিশুরা শিক্ষার সুযোগ বঞ্চিত

ডোমার (নীলফামারী) থেকে সংবাদদাতা ॥ ডোমার উপজেলা ও পঞ্চগড় জেলার বোদা, দেবীগঞ্জ উপজেলার ছিটমহলগুলোর হাজার হাজার শিশু ও কিশোর প্রাথমিক শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। নীলফামারী জেলার ডোমার উপজেলা এবং পঞ্চগড় জেলার বোদা, দেবীগঞ্জ উপজেলায় মোট ১৭টি ছিটমহল রয়েছে। এর আয়তন প্রায় ১১৯ বর্গমাইল। লোক সংখ্যা প্রায় ৩০ হাজার। এই ছিটমহলগুলোতে কোন প্রাথমিক বিদ্যালয় না থাকায় পশ্চাৎপদ এই লোকালয়ের হাজার হাজার শিশু-কিশোর প্রাথমিক শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে।